[redacted]

[redacted]

**Job Category:** Production/Operation **Job Source:** [redacted]

## Job Summary

**Posted On:** 3 Sep 2024 **Application Deadline:**24 Sep 2024

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিভিল সার্জন এর কার্যালয়, জয়পুরহাট।
joypurhat@cs.dghs.gov.bd

স্মারক নং-সি,এস/জয়/প্রশা-/২৪/১১৩০ তারিখ : ০১/০৯/২০২৪ ইং।

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগ প্রশাসন-১ শাখা এর স্মারক নং- ৪৫.০০.০০০০.১৪০.১১.০২১.২৩.২০৮ তারিখ ২৪ জানুয়ারী ২০২৪ খ্রিঃ ১০ মাঘ- ১৪৩০ বঙ্গাব্দ মোতাবেক (ক-অংশে) সিভিল সার্জনের কার্যালয়, জয়পুরহাট ও নিম্নাংশীন প্রতিষ্ঠানসমূহে পূর্বতন ৩য়/৪র্থ শ্রেণি (১১-২০ গ্রেড) নিম্নবর্ণিত শূন্য পদসমূহে জনবল নিয়োগের লক্ষ্যে জয়পুরহাট জেলার স্থায়ী বাসিন্দাগণের (বাংলাদেশের প্রকৃত নাগরিক) নিকট হতে শর্তসাপেক্ষে অনলাইনে অথবা সাইটের মাধ্যমে আবেদন আহ্বান করা যাচ্ছে (http://csjoypurhat.teletalk.com.bd) । অনলাইন (Online) ব্যতীত কোন প্রকার আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল ও গ্রেড ২০১৫ অনুযায়ী | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ০১. | পরিসংখ্যানবিদ | ০৪ (চার) | গ্রেড-১৪ (১০২০০-২৪৬৮০) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান/গণিত/ অর্থনীতি বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি। (খ) কম্পিউটার চালনায় দক্ষতা; | প্রার্থীকে জয়পুরহাট জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে এবং স্বাস্থ্য সেবাবী পদের ক্ষেত্রে প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট উপজেলাধীন ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে। তবে সংশ্লিষ্ট সাবেক ওয়ার্ডের প্রার্থীগণ অগ্রাধিকার পাবেন। |
| ০২. | সিনিয়র প্রোগ্রামার কাম কম্পিউটার অপারেটর | ০১ (এক) | গ্রেড-১৪ (১০২০০-২৪৬৮০) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম দ্বিতীয় শ্রেণিতে স্নাতক বা সমমানের ডিগ্রি। (খ) কম্পিউটার ব্যবহারের অভিজ্ঞতা; (গ) সাঁটলিপিতে প্রতি মিনিটে বাংলা ৪৫ শব্দ, ইংরেজীতে ৭০ শব্দ এবং টাইপিং এর গতি বাংলা প্রতি মিনিটে ২৫ শব্দ, ইংরেজী প্রতি মিনিটে ৩০ শব্দ। | |
| ০৩. | ষ্টোর কিপার | ০৫ (পাঁচ) | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০) | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ। (খ) স্টোর কিপার পদে দুরূহ নির্ধারিত হলে সরকারি বিধি অনুযায়ী জামানত প্রদান করতে হবে। | |
| ০৪. | কোক্স টেইন টেকনিশিয়ান | ০১ (এক) | গ্রেড-১৫ (৯৭০০-২৩৪৯০) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে রেফ্রিজারেশন বা এয়ার কন্ডিশনিং ট্রেডে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ডোকেপলমা) পরীক্ষায় উত্তীর্ণ; | |
| ০৫. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০২ (দুই) | গ্রেড-১৯ (৯৩০০-২২৪৯০) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) কম্পিউটার চালনায় দক্ষতা; টাইপিং এ বাংলা প্রতি মিনিটে ২০ শব্দ ও ইংরেজী প্রতি মিনিটে ২০ শব্দ। | |
| ০৬. | স্বাস্থ্য সহকারী | ০৮ (আটত্রিশ) | গ্রেড-১৯ (৯৩০০-২২৪৯০) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ০৭. | ড্রাইভার | ০১ (এক) | গ্রেড-১৯ (৯৩০০-২২৪৯০) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) ড্রাইভিং লাইসেন্স: হালকা গাড়ি চালনার বৈধ হালকা ড্রাইভিং লাইসেন্স; (গ) অভিজ্ঞতা সম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাবেন। | |
| ০৮. | ল্যাবঃ এ্যাটেনেন্ডেন্ট | ০২ (দুই) | গ্রেড-১৯ (৯৩০০-২০৫৭০) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; | |

**আবেদনের শর্ত ও নির্দেশনাবলীঃ**

১। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক হতে হবে।
২। বীর মুক্তিযোদ্ধা/বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/প্রতিবন্ধী ব্যতীত সকল আবেদনকারীর বয়স ০৪/০৯/২০২৪ ইং তারিখে সর্বনিম্ন ১৮ (আঠার) এবং সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বৎসর হতে হবে। বীর মুক্তিযোদ্ধা/বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/প্রতিবন্ধীর ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বৎসর। বয়স নমানের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
৩। সকল প্রার্থীর আবেদন শুধুমাত্র অনলাইনে গ্রহণ করা হবে। অনলাইন ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্র, লিখিত, মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় প্রার্থীর স্বাক্ষর অভিন্ন হতে হবে।
৪। একই ব্যক্তি একাধিক পদে আবেদন করতে পারবেন না।
৫। সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর ও গাড়িচালক পদে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে নিয়োগবিধি মোতাবেক সংশ্লিষ্ট বিষয়ে ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার অংশগ্রহণের যোগ্য হবেন।
৬। আবেদনকারীকে তার সকল অর্জিত শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।
৭। সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে সরকারী বিধিবিধান অনুসরণপূর্বক অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং সকল চাকুরীরত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় তাহার নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি সনদ (NOC)- এর মূল কপি জমা দিতে হবে।
৮। নিয়োগ ও ফোটা নির্ধারণের ক্ষেত্রে সরকারের সর্বশেষ বিধিবিধান প্রতিফলিত হবে।
৯। স্বাস্থ্য সহকারী পদের ক্ষেত্রে প্রার্থীকে যে ওয়ার্ডের (সাবেক) পদের জন্য আবেদন করবেন সে ওয়ার্ডের (সাবেক) স্থায়ী বাসিন্দা হতে হবে। একই ইউনিয়নের অন্য ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন (এক্ষেত্রে প্রার্থী যে ওয়ার্ডের বাসিন্দা সে ওয়ার্ড অবশ্যই আবেদনপত্রে উল্লেখ করতে হবে)। তবে সংশ্লিষ্ট শূন্য পদের ওয়ার্ডের বাসিন্দা যোগ্য প্রার্থী পাওয়া গেলে অন্য ওয়ার্ডের প্রার্থীদের বিবেচনা করা হবে না এবং সংশ্লিষ্ট ওয়ার্ডের বাসিন্দা যোগ্য প্রার্থী পাওয়া না গেলে অন্য ওয়ার্ডে যোগ্য প্রার্থীদের বিবেচনা করা হবে।
১০। প্রার্থী কর্তৃক আবেদনপত্রে বর্ণিত স্থায়ী ঠিকানা (Permanent Address) যদি ইতোপূর্বে কোন সার্টিফিকেটে বা অন্যত্র বর্ণিত স্থায়ী ঠিকানা হতে ভিন্নতর হয় কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে যদি স্বামীর স্থায়ী ঠিকানা ব্যবহার করা হয়, তবে সে ক্ষেত্রে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে জাতীয় পরিচয়পত্র (NID) ও সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত নাগরিকত্ব সনদপত্র দাখিল করতে হবে।
১১। স্বাস্থ্য সহকারীর শূন্য পদের তালিকা (ওয়ার্ড, ইউনিয়ন, উপজেলা ভিত্তিক) সিভিল সার্জন অফিস এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়ের নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে পাওয়া যাবে।
১২। প্রার্থী কর্তৃক প্রদত্ত যে কোন তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা প্রয়োজনীয় তথ্য গোপন করলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে অথবা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে অথবা মিথ্যা, ভুল/ভিত্তি তথ্য দিয়ে একাধিকবার ফরম পূরণ করে একাধিক প্রবেশপত্র গ্রহণ করলে অথবা পরীক্ষায় অসদুপায় গ্রহণ করলে অথবা পরীক্ষার কেন্দ্রে দুর্ব্যবহার করলে পরীক্ষার পূর্বে ও পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীর অযোগ্যতা বা নিয়োগ বাতিল করাসহ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
১৩। কোন প্রার্থী কোন বিদেশী নাগরিকের বিবাহ করলে বা বিবাহ করতে প্রতিজ্ঞাবদ্ধ হলে তিনি আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন।
১৪। MCQ টাইপ লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হইবে।

**১৫। অনলাইনে আবেদন পূরণ সংক্রান্ত নিয়মাবলী/শর্তাবলী ও সময়সীমা নিম্নরূপঃ**

ক। আগ্রহী পদ প্রার্থীগণ http://csjoypurhat.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। ওয়েবসাইটে প্রকাশিত নির্দেশনা মোতাবেক ফরম পূরণ করতে হবে।
খ। Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদানের শুরুর তারিখ ও সময় ০৪/০৯/২০২৪ খ্রিঃ সকাল ১০.০০ ঘটিকা।
গ। Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ২৪/০৯/২০২৪ খ্রিঃ সময় বিকাল ৫.০০ ঘটিকা।
ঘ। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে যে কোন teletalk Pre-paid মোবাইল নম্বার হতে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবে।
১৬। Online- আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (সিমি ৩০০ x প্রস্থ ৩০০) স্বাক্ষর (সিমি ৩০০ x প্রস্থ ৮০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 kb ও স্বাক্ষরের সর্বোচ্চ সাইজ 60 kb হতে হবে।
১৭। Online- আবেদনপত্রে পূরণকৃত তথ্যই পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে। কাজেই Online- এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।
১৮। প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

**১৯। SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান :**

Online -এ আবেদনফর্ম (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ডিসপ্লে Application Preview দেখা যাবে। নিভুলভাবে আবেদন পত্র Submit সম্পন্ন করা প্রার্থী একটি User ID ছবি এবং স্বাক্ষরযুক্ত Applicant's Copy Download করে প্রিন্ট রিফ্রি কপি সংরক্ষণ করবেন। Applicant's Copy -তে একটি User ID নম্বর দেখা যাবেন এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS এর মাধ্যমে পরীক্ষার ফি বাবদ গ্রেড-১৪ হতে ১৬ পর্যন্ত পদের জন্য ২০০/- টাকা + টেলিটক এর সার্ভিস চার্জবাবদ ২৩/- টাকা সহ মোট (অক্ষরেযোগ্য) ২২৩/- (দুইশত তেইশ) টাকা এবং গ্রেড-১৭ হতে ২০ পর্যন্ত পদের জন্য ১০০/- টাকা + টেলিটক এর সার্ভিস চার্জবাবদ ১২/- টাকা সহ মোট (অক্ষরেযোগ্য) ১১২/- (একশত বার) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য Online - আবেদনপত্রে সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online এর আবেদন পত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS: CSJOYPURHAT <space> User ID লিখে send করতে হবে 16222 নম্বরে।
Example: CSJOYPURHAT ABCDEF send to 16222
Reply: Applicant's Name, Tk. 223/= Will be charged as application fee, Your PIN is xxxxxxxx.
To pay fee type CSJOYPURHAT <space>YES<space>PIN and send to 16222 নম্বরে।

দ্বিতীয় SMS:CSJOYPURHAT<space>YES<space>PIN লিখে send করতে হবে 16222নম্বরে।
Example: CSJOYPURHAT YES 12345678.
Reply SMS: Congratulations Applicant's Name, Payment completed successfully for CSJOYPURHAT for CSJOY Application for (post name) user ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

২০। আবেদনপত্র প্রাপ্তির বিষয়টি http://csjoypurhat.teletalk.com.bd অথবা www.cs.joypurhat.gov.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (ভুলমুক্ত যোগ্য প্রার্থীদেরকে) যথা সময়ে জানানো হবে। Online এ আবেদন পত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে। বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা আবশ্যিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।
২১। SMS-এ প্রেরিত User Id এবং Password ব্যবহার করে পরবর্তীতে ফোন নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/ কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশ পত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশ পত্রটি লিখিত পরীক্ষায় অংশ গ্রহনের সময় এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।
২২। শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্ন বর্ণিত SMS পদ্ধতি অনুসরন করে নিজ নিজ User Id এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।
(ক) User ID জানা থাকলে:
CSJOYPURHAT <space> HELP <space> User <space> User ID & send to 16222.
Example: CSJOYPURHAT HELP User ABCDEF.
(খ) PIN Number নাম্বর জানা থাকলে :
CSJOYPURHAT<space>HELP<space> PIN <space> PIN Number & send to 16222 নম্বরে।
Example: CSJOYPURHAT HELP PIN 12345678.
২৩। বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও অফিসের নিয়মাণের ওয়েবসাইট www.cs.joypurhat.gov.bd বিজ্ঞপ্তিসহ এসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। QR code স্ক্যানের মাধ্যমে টেলিটকের জনপোর্টাল http:// alljobs.teletalk.com.bd/ cs.joypurhat ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.cs.joypurhat.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।
২৪। অন-লাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা joypurhat@cs.dghs.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এ ছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ http://www.facebook.com/alljobsbdteletalk এ ম্যাসেঞ্জার এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/ম্যাসেঞ্জার এর subject- এ Organization name:CSJOYPURHAT,Post name:*** Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)
২৫। ডিক্লারেশন: প্রার্থীকে অন-লাইন আবেদন পত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদন পত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা প্রমাণিত হলে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় এমন করলে কিংবা পরীক্ষায় নকল বা অবলম্বন অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীর/নিয়োগ বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা যাবে।
২৬। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তিতে বর্ণিত যে কোন শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/ পরিবর্তন/পরিমার্জন ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। অনলাইনে আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
২৭। প্রার্থিকে ভাবে বাছাইকৃত প্রার্থীদের কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক নির্দিষ্ট, ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষায় আলাদাভাবে উত্তীর্ণ হতে হবে। কেবলমাত্র মৌখিক পরীক্ষার জন্য নির্ধারিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিয়ন্ত্রক কাগজপত্রসমূহের মূলকপি বাধ্যতামূলকভাবে প্রদর্শন করতে হবে এবং এতে সেই সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে। সকল সত্যায়ন/প্রত্যয়ন সরকারী ১ম শ্রেণীর কর্মকর্তা (নাম ও পদবী উল্লেখ সহ সীল মোহর)কর্তৃক সম্পাদিত হতে হবে।
(ক) সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদ/সামঞ্জিক সনদ/প্রত্যয়নপত্র, অভিজ্ঞতার সনদপত্র ইত্যাদি।
(খ) প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার জ্ঞানের সমর্থনে সনদপত্র।
(গ) চাকুরীর আবেদন ফরমে উল্লেখিত স্থায়ী ঠিকানা, নিজ জেলা, উপজেলা ও জাতীয়তা সমর্থনে জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত (নিজ জেলা, উপজেলা ও সংশ্লিষ্ট ইউনিয়নের পুরাতন ওয়ার্ড উল্লেখ করতঃ) জাতীয়তা সনদপত্র।
(ঘ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
(ঙ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী সনদপত্র/প্রমাণপত্র।
(চ) শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত শারীরিক প্রতিবন্ধী সম্পর্কিত সনদপত্র।
(ছ) বিজ্ঞাপিত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রমাণপত্র।
(জ) Download কৃত Applicant's Copy & admit Card এর সত্যায়িত কপি।
২৮। প্রার্থীকে লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশ গ্রহনের জন্য কোন দৈনিক ভাতা ও যাতায়াত ভাতা দেওয়া হবে না।
২৯। সঠিকযাচনের পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট এবং সিভিল সার্জনের স্বাস্থ্যগত প্রত্যয়ন চাকুরীতে নিয়োগের অন্যতম প্রধান শর্ত হিসাবে বিবেচিত হবে। এছাড়া নিয়োগের পূর্বে গেজেটেড করা হবে। ফোনেটেট কর্মীকে যাদকাসক্ত পাওয়া গেলে তার নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
৩০। স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক জারীকৃত ২০১৮ সালের নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে আবেদনকৃত প্রার্থীদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই।
৩১। যে কোন তদবির কিংবা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসাবে বিবেচনা করা হবে।

০১/৯/২৪
(ডাঃ মুহাঃ ইন্দুস আমিন)
সিভিল সার্জন
ও
সদস্য সচিব
পূর্বতন ৩য় ও ৪র্থ শ্রেণির জনবল নিয়োগ কমিটি, জয়পুরহাট।

স্মি-৪৪৬/২৪ (১০৩৩)